

দৈনিক সংবাদ

২৫

তারিখ 29 JUN 1995

পৃষ্ঠা ৮ কলাম ১৫

প্রসঙ্গ : বৃত্তির টাকা
আমরা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের শেষ বর্ষ পরীক্ষার্থী। আমাদের অনেক বন্ধুই ইতিমধ্যে পাস করে চলে গেছেন। বিশ্ববিদ্যালয়ের খোলা থাকলে এক/দুই মাসের মধ্যে আমরাও পাস করে চলে যাবো। কিন্তু দুঃখজনক হলেও সত্য বিশ্ববিদ্যালয় থেকে বিদায়ের মুহূর্তেও আমরা বৃত্তির টাকা নিয়ে যেতে পারছি না। ১৯৯০ সালে মাস্টার্স পাস করা ছাত্র-ছাত্রীরা বৃত্তির টাকা এখনও পায়নি। বিশ্ববিদ্যালয়ের অন্য সকল লেনদেন ঠিকমত চললেও বৃত্তির টাকা নিয়ে এতটা শত্রুতা কেন বৃথতে পারলাম না। তাই যত তাড়াতাড়ি সম্ভব বৃত্তির টাকা প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও মঞ্জুরি কমিশনের কাছে জোর দাবি জানাচ্ছি এবং এ ব্যাপারে শিক্ষামন্ত্রির দৃষ্টি কামনা করছি।
শেষ বর্ষের পক্ষে
মোঃ সাইফুর রহমান (মিস্ট্র)
২২৯/ মাদার বকশ হল,
রাজশাহী বিশ্ববিদ্যালয়।